দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 1 1999
পৃষ্ঠা ২১ কলাম ৭

33

# বিশেষজ্ঞ তৈরীর জন্যই মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হইয়াছে

.................................... স্বাস্থ্যমন্ত্রী

**ইত্তেফাক রিপোর্ট** ॥ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শহীদ ডাঃ মিলন হলে গতকাল শুক্রবার আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে স্বাস্থ্যমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ বলিয়াছেন, দেশের রোগীদের জন্য দক্ষ বিশেষজ্ঞ চিকিৎসক তৈরী ও চিকিৎসার অধিকতর সুযোগ সৃষ্টির জন্য মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সম্প্রসারণে সংলগ্ন

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## স্বাস্থ্যমন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

বিসিএস একাডেমী বিশ্ববিদ্যালয়কে প্রদান করা হইবে। অনুষ্ঠানের সভাপতি মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম এ কাদরী বলেন, নানা প্রতিকূলতার মধ্যে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজ অব্যাহত রহিয়াছে। তিনি মাত্র ১০ টাকার বিনিময়ে হাসপাতালের আউটডোরে বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থাপত্র ও বিনামূল্যে দরিদ্র রোগীদের জন্য রোগ নিরূপণ ও ভর্তি হওয়ার সুবিধার কথা উল্লেখ করেন। তিনি বলেন, সাবেক পিজি হাসপাতালের চাইতে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জন্য কোন বরাদ্দ বাড়ে নাই। তবে সেবার মান বাড়িয়াছে। তিনি বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে থাকার সময় পিজি হাসপাতালের শতকরা ৯২ হইতে ৯৫ ভাগ রোগী প্যাথলজি পরীক্ষার জন্য বাহিরে পাঠানো হইত। এখন মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালেই সকল পরীক্ষা-নিরীক্ষা হয়। মাত্র ২/৩ ভাগ রোগী বাহিরে যায়। ইহাও রোধ করা হইবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এটি এম জহুরুল হক, প্রো-ভিসি বিশিষ্ট পেটের পীড়া বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, বি এম-এর সভাপতি ডাঃ রশিদ-ই মাহবুব ও মহাসচিব ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, উক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ মোয়াজ্জেম হোসেন, রেজিষ্ট্রার আব্দুল গফুর, উপ-রেজিষ্ট্রার ডাঃ শরফুদ্দিন আহমদ প্রমুখ বক্তব্য রাখেন। প্রো-ভিসি ডাঃ মোহাম্মদ তাহির মঞ্চে উপবিষ্ট ছিলেন। অধ্যাপক এটিএম জহুরুল হক বলেন, মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অর্থ বরাদ্দ বৃদ্ধিতে তিনি চেষ্টা করিবেন।

ডাঃ রশিদ-ই-মাহবুব বলেন, বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয় লইয়া চক্রান্ত হইতেছে। তবে আমাদের সমস্যাও রহিয়াছে।

ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন বলেন, একটি দলের নেত্রী ও সাবেক প্রধানমন্ত্রী পুনরায় ক্ষমতায় গেলে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় গাজীপুরে স্থানান্তর সম্পর্কে যে বক্তব্য দিয়াছেন তাহা দুর্ভাগ্যজনক। একজন নেত্রীর মুখে এই ধরনের বক্তব্য শোভা পায় না।